গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪১.২৬.০০২.১৫.৬১৩

২২-০২-১৪২৫ বঙ্গাব্দ
তারিখ ঃ --------------------- ।
০৫-০৬-২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ মে/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

৩০-০৫-২০১৮ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মে/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী এসংগে প্রেরণ করা হলো। কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন থাকলে কার্যবিবরণী পাওয়ার ৩ কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জানাতে অনুরোধ করা হলো।

০২। সমন্বয় সভায় গৃহীত তাঁর অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/শাখার সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং অনিস্পন্ন বিষয়সমূহের তালিকা পরবর্তী সমন্বয় সভায় আলোচনার নিমিত্ত আগামী ১৮-০৬-২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

০৫-০৬-১৮

(এস.এম তারিকুল ইসলাম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৫

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, বিকেএসপি, ঢাকা।
৪। যুগ্মসচিব(সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৫। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৬। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৭। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৮। উপসচিব (সকল), উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
১২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান..., সহকারী প্রধান/ সহকারী সচিব.... , যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৪। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা(ওয়েব সাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)
১৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মে/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: আসাদুল ইসলাম
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ৩০ মে/২০১৮
সময় : বেলা ১১:০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনার পর বিষয়ভিত্তিক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (১) গত ৩০-০৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ। | গত ৩০-০৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে ৪ (গ) তে 'বিকেএসপির চট্রগ্রাম আঞ্চলিক কেন্দ্রটি কক্সবাজারের রামু উপজেলায় স্থানান্তরিত হয়েছে' বাক্যটি সংযোজন হবে এবং 'সকল আঞ্চলিক কেন্দ্রের জনবল এক হওয়া যুক্তিযুক্ত নয়' বাক্যটি বিয়োজন হবে। কার্যবিবরণী ওয়েবসাইটে একটি ফোল্ডার এ রাখার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। | কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| (২) জাতীয় যুব নীতি, ২০১৭ বাস্তবায়ন | জাতীয় যুবনীতি, ২০১৭ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত TAP এর প্রকল্প পরিচালক-কে ২০১৮-১৯ অর্থ বছরের শুরুতেই পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য সভায় আলোচনা হয়। ওয়ার্কশপ যথাযথভাবে শেয়ার করা হয় কিনা তা যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক এবং প্রকল্প পরিচালক যথাযথভাবে নজর/তদারকি করবেন। UNFPA এর সাথে যোগাযোগ করে Action Plan তৈরির ব্যবস্থা করার জন্য সভাপতি পরামর্শ দেন। | UNFPA এর সাথে যোগাযোগ করে Action Plan তৈরির ব্যবস্থা করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর ও যুব-১ শাখা |
| (৩) পদসৃষ্টি/ আপগ্রেডেশন ও পদ স্থায়ীকরণ। | (১) শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের রাজস্বখাতে স্থানান্তরিত ৭টি পদের মধ্যে পরিচালক এবং মেডিকেল অফিসার পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২২-০৪-২০১৮ তারিখে পুনরায় পত্র প্রদান করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় ১০/০৫/২০১৮ তারিখে মেডিকেল অফিসার নিয়োগের জন্য স্বাস্থ্য সেবা বিভাগে তাগিদপত্র দিয়েছে। শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট আইন অনুযায়ী পদ সৃষ্টির বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য পরামর্শ দেন এবং পরিচালক নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে চিঠি দেয়ার নির্দেশনা দেন। | (১) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট আইন অনুযায়ী পদক্ষেপ নিতে হবে। পরিচালক নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পুনরায় পত্র দিতে হবে। | |
| | (২) গত ০৬/০৫/২০১৮ খ্রি. তারিখে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক সমাপ্ত ৫টি প্রকল্পে কর্মরত ১৩০২ জন জনবল রাজস্বখাতে স্থানান্তর/আত্মীকরণ/নিয়মিতকরণ (regularization)-এর বিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরে এবং সুস্পষ্ট মতামত প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। আদালতের রায় বাস্তবায়নে বাধ্যবাধকতা রয়েছে। সভাপতি মতামত পাওয়ার পর সার-সংক্ষেপ পাঠানোর পরামর্শ দেন । | (২) আদালতের রায় বাস্তবায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সুস্পষ্ট মতামত গ্রহণ করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ শাখা |

| | | | |
|---|---|---|---|
| | **(খ) জাতীয় ক্রীড়া পরিষদ:** | | |
| | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের প্রেক্ষিতে, জাতীয় ক্রীড়া পরিষদের ২৯টি পদ রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে আইন ও সংসদ বিষয়ক বিভাগ হতে মতামত পাওয়া গিয়েছে। ১৯৯৭ সালের ০১ জুলাই এর আগেই নিয়োগপ্রাপ্ত ১৩ জনকে রাজস্বখাতে স্থানান্তরের বাঁধা নেই তবে ১৬ জনকে রাজস্বখাতে স্থানান্তর করা সম্ভব হচ্ছে না। সভাপতি আইন মন্ত্রণালয়ের ব্যাখ্যা গ্রহণের জন্য পরামর্শ দেন। | অবশিষ্ট ১৬ জনের বিষয়ে আইন মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করতে হবে। | জাতীয় ক্রীড়া পরিষদ ও ক্রীড়া-১ শাখা |
| | **(গ) বিকেএসপিঃ বিকেএসপির জন্য রাজস্বখাতে পদ সৃজন প্রসঙ্গে-** বিকেএসপির বিভিন্ন ক্যাটাগরির ৭৩৮টি পদ সৃজনের লক্ষ্যে প্রস্তাব পাওয়া গিয়েছে। প্রস্তাবটি যাচাই বাছাই এর কার্যক্রম চলছে। বিকেএসপির মহাপরিচালকের পদ ৩য় গ্রেড ও জেলা পর্যায়ে জেলা প্রশাসক ৫ম গ্রেড বিবেচনায় আঞ্চলিক কার্যালয় প্রধানের পদ ৫ম গ্রেড হওয়া বাঞ্চনীয় মর্মে সভায় আলোচনা হয়। সভাপতি এক্ষেত্রে পদ সৃষ্টির প্রস্তাবের যৌক্তিকতা পর্যালোচনার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতি পরিচালক-এর শূন্য পদ পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র দেয়ার পরামর্শ দেন। | বিকেএসপির প্রস্তাবের যৌক্তিকতা পরীক্ষান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং বিকেএসপিতে পরিচালকের শূন্য পদ পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র দিতে হবে। | বিকেএসপি/ ক্রীড়া-২ শাখা |
| **(৪) শূন্য পদ পূরণ বিষয়ক অগ্রগতি:** | | | |
| | **ক্রীড়া পরিদপ্তরঃ (ক) <u>শূন্য পদে জনবল নিয়োগ:</u>** জেলা ক্রীড়া অফিসার এর ২৮টি পদ এবং প্রভাষক এর ২৮টি পদ পূরণের লক্ষ্যে ২৮/০৯/২০১৭ তারিখে পিএসসি কর্তৃক গৃহীত লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। ক্রীড়া পরিদপ্তরের ১৮টি পদ সৃজনের বিষয়ে ২৪/০৪/২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় পরিচালক, ক্রীড়া পরিদপ্তর ও যুগ্মসচিব (ক্রীড়া-২) অংশগ্রহণ করেন। সভার কার্যবিবরণী এখনও পাওয়া যায়নি।<br><br>(খ) **নিয়োগ বিধি সংশোধন প্রস্তাবঃ** ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ সংশোধনী প্রস্তাব ক্রীড়া পরিদপ্তর হতে এখনও পাওয়া যায়নি। | (ক) পিএসসির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>(খ)জনপ্রশাসন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ অনুযায়ী সংশোধিত নিয়োগবিধি প্রেরণ করতে হবে। | ক্রীড়া পরিদপ্তর/ ক্রীড়া-২ অধিশাখা |
| **(৫) গুরুত্বপূর্ণ পেন্ডিং বিষয়:** | | | |
| (ক) বিভাগীয় মামলা | যুব উন্নয়ন অধিদপ্তর: **এপ্রিল-২০১৮ মাসে ০৩ টি মামলা নিষ্পত্তি হয়েছে।** ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ১৮টি মামলা চলমান রয়েছে। | দ্রুত মামলা নিষ্পত্তি করতে হবে এবং মামলা সংশ্লিষ্ট কাগজপত্র সত্যায়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |

| (খ) অনিষ্পন্ন পেনশন কেস: | | | |
|---|---|---|---|
| | **মন্ত্রণালয়:** (১)জনাব মো: আবুল কাশেম ভূঁইয়া, ব্যক্তিগত কর্মকর্তার ১০-০৬-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে এবং জনাব মো: কমর উদ্দিন, ব্যক্তিগত কর্মকর্তার ২২-০১-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে। তাদের দখলকৃত বাসা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট হস্তান্তর না করায় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের না-দাবী নামা না পাওয়ায় অবশিষ্ট ২০% অর্থ পরিশোধের মাধ্যমে পেনশন কেইস নিষ্পত্তি করা যাচ্ছে না। বিষয়টি নিষ্পত্তি করার জন্য গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। গত ২০/০২/২০১৮ তারিখে বিষয়টি টেলিফোনে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যানকে জানানো হয়েছিল।<br>গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | (১) জাতীয় গৃহায়ন কর্তপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রশাসন-১ শাখা |
| | **বিকেএসপিঃ** বিকেএসপিতে পেনশন প্রথা চালুকরণের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের নিমিত্ত বিকেএসপি হতে ২৮-০২-১৮ তারিখে প্রস্তাব পাওয়া গেছে। যে সকল স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীরদের সরকারিভাবে পেনশন প্রদান করা হয় সেগুলির উদাহরণ দিয়ে সম্পূর্ণ সরকারী অর্থে পেনশন প্রথা চালুর জন্য প্রস্তাব প্রস্তুত করতে হবে। বিকেএসপি একটি শিক্ষা প্রতিষ্ঠান। ছাত্র ভর্তি ফি/বেতন ছাড়া অন্য কোন আয় নেই। এসব তথ্য উল্লেখপূর্বক অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। বিকেএসপি হতে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব না পাওয়ায় পুনরায় তথ্যাদি প্রেরণের জন্য ২৩/০৫/১৮ তারিখে পত্র দেয়া হয়েছে। | বিকেএসপি হতে প্রাপ্ত প্রস্তাব যাচাইপূর্বক দ্রুত অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। | ক্রীড়া-২ শাখা, বিকেএসপি ও অতিরিক্ত সচিবের দপ্তর |

| (৬) সমীক্ষা/ অডিট আপত্তি | | | (অংকসমূহ হাজার টাকায়) | | | | | | | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পূর্ববর্তী মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নতুন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নিষ্পত্তি কৃত আপত্তির সংখ্যা | ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির জের | জড়িত টাকা | সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আগামী ০১ সপ্তাহের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করতে হবে এবং যুব উন্নয়ন অধিদপ্তরের চলমান ঋণ কার্যক্রমের খেলাপী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। |
| | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় : | মন্ত্রণালয় | ২৭ | ৬২০০ | - | - | - | ২৯টি | ৫০৩৭১৪ | |
| | | সমাপ্ত উন্নয়ন | ২ | ৪৯৭৫১৪ | | | | | | |
| | যুব উন্নয়ন অধিদপ্তর : | অগ্রিম অনুচ্ছেদ-৭টি | ৮০ | ১৬,২১,৩২ | - | - | - | ৮০ | ১৬,২১,৩২ | |
| | | সাধারণ-৭৩টি | | | | | | | | |
| | ক্রীড়া পরিদপ্তর: | | ২৫ | ৫১১০০ | - | - | ৩ | ২২ | ৪৮৯৯৭ | |
| | বিকেএসপি : | অগ্রিম-১৩টি | ৩২ | ১৩৯৫০ | - | - | - | ৩২ | ১৩৯৫০ | |
| | | সাধারণ-২১টি | | | | | | | | |
| | জাতীয় ক্রীড়া পরিষদ: | | ৫২৪ | ৩,৯২,৪৯ | - | - | - | ৫২৪ | ৩,৯২,৪৯ | |
| | | মোট= | ৬৯০ | ৭৭০১৪৫ | - | - | - | ৬৮৭ | ৭৬৮০৪২ | যুব উন্নয়ন অধিদপ্তর /বাজেট শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |

চলমান কার্যক্রমের পর্যালোচনা (সংস্থাভিত্তিক) :

| | | | |
|---|---|---|---|
| (৭)ন্যাশনাল সার্ভিস কর্মসূচি | ২০১৭-২০১৮ অর্থ বছরে ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর ৫ম পর্বের ২৪টি উপজেলায় **২৫৭৮৬ জন** ৬ষ্ঠ পর্বের ২০টি **উপজেলায় ১৬৯১২ জন এবং ৭ম পর্বের ২০টি উপজেলায় ১২৬০০ জনসহ মোট ৫৫২৯৮ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে এবং ২ বছরের** জন্য সংযুক্তি প্রদান করা হয়েছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির প্রশিক্ষণে কোন খাতে কত ব্যয় হয়েছে তার বিস্তারিত বিভাজন এবং ন্যাশনাল সার্ভিসের সুবিধাভোগীদের তথ্য ব্যবস্থাপনা প্রণয়নের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অস্থায়ী সংযুক্তির পর কতজন অন্য চাকরিতে প্রবেশ করেছে তার ডাটা সংগ্রহের জন্য সভাপতি নির্দেশনা দেন।<br><br>**শুরু থেকে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত ন্যাশনাল সার্ভিসের অডিট সম্পন্ন হয়েছে এবং ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরের ন্যাশনাল সার্ভিসের অডিট সম্পন্ন করার জন্য সিভিল অডিট অধিদপ্তরে পত্র প্রদান করা হয়েছে।**<br><br>**নাটোর ও মাগুরা জেলার সম্পূর্ণ বাজেটের উপর অডিট আপত্তি হয়েছে। এটি যুক্তিসঙ্গত নয়। নাটোরের বিষয়ে অডিট টীমের সাথে আলাপ হয়েছে যা দ্রুত নিষ্পত্তি করা যাবে।** | ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর তথ্য ভান্ডার তৈরি করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ অধিশাখা |
| (৮) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন: | (ক) <u>২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান বিতরণ:</u> বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর সচিব সভাকে অবহিত করেন যে, ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান প্রদানের জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা হয়েছে। মোট ১৫৬৬ টি আবেদন পাওয়া গিয়েছে।<br>২৮/০৫/২০১৮ তারিখে ফাউন্ডেশনের ৯ম বোর্ড সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। সভার সিদ্ধান্ত এখনও পাওয়া যায়নি।<br><br>(খ) <u>বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর নীতিমালা :</u> ফাউন্ডেশনের কার্যক্রম বৃদ্ধিকল্পে গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী নীতিমালা হালনাগাদকরণের বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ২৮ মে ২০১৮ তারিখে ৯ম বোর্ডের সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত এখনও পাওয়া যায়নি।<br><br>(গ) <u>প্রবিধান ও অর্গানোগ্রাম প্রণয়ণ:</u> ২০ জন কর্মকর্তা/কর্মচারীর পদ সম্বলিত সাংগঠনিক কাঠামো অনুমোদনের বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ২৮ মে ২০১৮ তারিখে ৯ম বোর্ডের সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত এখনও পাওয়া যায়নি। | (ক) সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>(খ) দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>(গ) সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত প্রবিধান ও সাংগঠনিক কাঠামো প্রণয়ণ করতে হবে। | বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন |

৩) বিবিধ:

| | | | |
|---|---|---|---|
| (ক) তথ্য অধিকার আইন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | তথ্য অধিকার আইন মোতাবেক বিবেচ্য সময়ে কোন আবেদন পাওয়া যায়নি।<br>কোন নাগরিক তথ্য চেয়ে আবেদন করেনি। | কোন নাগরিক তথ্য চেয়ে আবেদন করেছেন কিনা তা নিয়মিত তদারকি করতে হবে। | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (খ) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | (১) National Sports Council (Amendment) Ordinance-1976 এবং National Sports Control Board(Amendment) Ordinance-1978 অর্থবিল এর সার-সংক্ষেপে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি পাওয়া গিয়েছে। এক্ষণে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ে বিল আকারে প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br>(২) মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান আইন, ২০১৮ পুনর্বিন্যাস করে একটি সংশোধিত ও পরিমার্জিত খসড়া বিল ০৭-০৫-২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | (১) দ্রুত জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) মন্ত্রিপরিষদ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ক্রীড়া-১/ জাতীয় ক্রীড়া পরিষদ<br>ক্রীড়া-২/ বিকেএসপি |
| | (৩) <u>ই-টেন্ডারিং</u> :- সকল দপ্তর/সংস্থায় e-GP তে ক্রয় কাজ সম্পাদন করা হচ্ছে। জাতীয় ক্রীড়া পরিষদে ২৪টি প্যাকেজের NOA (Notification of Award ) জারী হয়েছে। ক্রীড়া পরিদপ্তর হতে ৪টি প্যাকেজের NOA জারী করা হয়েছে। বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে e-GP তে ক্রয় কাজ করা হচ্ছে। | (৩) প্রতিমাসে e-GP বাস্তবায়নের বিষয়টি দপ্তর অনুযায়ী পরিসংখ্যানসহ উপস্থাপন করতে হবে। | |
| (গ) মন্ত্রণালয় এবং সকল দপ্তর /সংস্থায় ইনোভেশন সম্পর্কিত কার্যক্রম ও ইউনিকোড ব্যবহার | সরকারী সেবা জনবান্ধব করার জন্য মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার সকল সেবা ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ করার বিষয়ে আলোচনা হয়। জাতীয় ক্রীড়া পরিষদের সচিব সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদ হতে স্বাধীন বাংলা ফুটবল দলের খেলোয়াড়দের সম্মানি অনলাইনে প্রদান করা হচ্ছে। চলতি অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের ৪টি সেবা সহজীকরণের জন্য উদ্যোগ নেয়া হয়েছে।<br>মন্ত্রণালয়ের একটি সেবা সহজীকরণের পর অনলাইনে প্রদান করা হচ্ছে। | মন্ত্রণালয় এবং সকল দপ্তরে ইনোভেশনের মাধ্যমে সেবা সহজ করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (ঘ) মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রম বিষয়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ ব্যবস্থা (Grievance Redress System) চালুকরণ। | গত এপ্রিল/২০১৮ মাসে ম্যানুয়াল/অনলাইনে কোন অভিযোগ পাওয়া যায়নি। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় প্রাপ্ত সকল অভিযোগ GRS এ এন্টি করতে হবে। | সমন্বয় শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ঙ) জাতীয় ই-সেবা সিস্টেম বাস্তবায়ন | বর্তমানে সকল দপ্তর/সংস্থায় ই-নথিতে কার্যক্রম হচ্ছে। ই-নথিতে দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের বর্তমান অবস্থা অবনতিশীল। বর্তমানে ই-নথিতে মন্ত্রণালয়ের অবস্থান ২৬ তম।<br><br>সকল দপ্তর/সংস্থায় ই-নথিতে দাপ্তরিক কাজ করা হচ্ছে। | মন্ত্রণালয় ও অধীনস্থ সকল দপ্তর/ সংস্থায় ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করতে হবে । বিষয়টি মন্ত্রণালয় হতে মনিটরিং করতে হবে। মন্ত্রণালয়ের বর্তমান অবস্থানের আরো উন্নতি করতে হবে। এ বিষয়ে সচিব কর্তৃক সবার জন্য ই-মেইল করা হয়েছে তা অনুসরণপূর্বক প্রোগ্রামার সচিব বরাবর ই-নথি ব্যবহারের উপর প্রতিবেদন দিবেন। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (চ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ২০১৮-১৯ অর্থ বছরের APA মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণের আলোকে মাননীয় প্রতিমন্ত্রীর অনুমোদনের পর পুনরায় প্রেরণের জন্য নথি উপস্থাপনায় রয়েছে। আগামী ২৪ জুন ২০১৮ তারিখ দপ্তর/সংস্থার সাথে মন্ত্রণালয়ের APA চুক্তি স্বাক্ষরিত হবে। | ২০১৮-১৯ অর্থ বছরের APA স্বাক্ষরের জন্য দপ্তর/সংস্থা হতে ১২/০৬/১৮ তারিখের মধ্যে চূড়ান্ত আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ বাজেট শাখা |
| (ছ) | মাননীয় প্রতিমন্ত্রী/উপমন্ত্রী এবং সচিব যখন বিদেশ সফর করবেন তখন সে দেশে অবস্থিত বাংলাদেশ মিশনের সাথে যোগাযোগপূর্বক সংশ্লিষ্ট দেশের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে দ্বি-পক্ষীয় সভা আয়োজনের বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন এবং সভা হলে একটি প্রতিবেদন পেশের জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় সচিবের একান্ত সচিব জনাব মোহাম্মদ আবদুল আওয়াল-এর থাইল্যান্ড সফরের বিবরণী পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা হয়। | কর্মকর্তাগণ বিদেশ ভ্রমণ বা দেশে কোন প্রশিক্ষণ গ্রহণ করলে সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট, প্রেজেন্টেশনের মাধ্যমে তা উপস্থাপন করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (জ) | সভাপতি সভার নোটিশ এবং কার্যবিবরণী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েব সাইটে এবং গ্রুপমেইলে প্রেরণ করার জন্য নির্দেশ দেন। | সভার নোটিশ, কার্যপত্র এবং কার্যবিবরণী গ্রুপ মেইল এবং ওয়েব সাইট নিয়মিত আপডেট করতে হবে। | |

পরিশেষে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি দপ্তর/সংস্থার প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে সকল প্রতিবেদন যথাযথ তথ্য সহকারে প্রেরণ এবং নিয়োগ সংক্রান্ত তথ্য প্রেরণের ক্ষেত্রে দপ্তর প্রধানদের সঠিক তথ্য প্রেরণের জন্যও পরামর্শ প্রদান করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী গঠনমূলক আলোচনা করায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৫/০৬/২০১৮
(মো: আসাদুল ইসলাম)
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়